ভোরের কাগজ

২৭/১২/২০০০

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ কলাম ২

# বরিশাল বিএম কলেজে উত্তেজনা

বরিশাল প্রতিনিধি : ছাত্রলীগের অন্তর্দ্বন্দ্বের কারণে ছাত্রাবাসে হামলা এবং ভর্তিতে দুর্নীতির অভিযোগে অধ্যক্ষ লাঞ্ছনার সূত্র ধরে শুক্রবার বিএম কলেজ ক্যাম্পাসে তীব্র উত্তেজনা বিরাজ করছে। এতে ছাত্রাবাসের চারটি কক্ষ ভাঙচুর, লুটপাট এবং এক ছাত্র গুরুতর আহত হয়।

পুলিশ, প্রত্যক্ষদর্শী এবং কলেজ সূত্রে জানা গেছে, বিএম কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগের দুই উপদল ছাত্রলীগের স্বপন গ্রুপ এবং অনাবাসিক আসাদ গ্রুপের মধ্যে দ্বন্দ্ব রয়েছে। এর জের ধরে বুধবার আসাদ গ্রুপের শাওন নামে সম্মান তৃতীয় বর্ষের এক ছাত্র প্রতিপক্ষের হাতে আহত হয়ে হাসপাতালে যায়। এরপর গভীর রাতে ক্যাম্পাস এলাকা ও আশপাশে গোলাগুলির শব্দ শোনা গেলে পুলিশ ছুটে গিয়েও কোনো কিছুর হদিস করতে পারেনি। শুক্রবার বিকাল ৩টার দিকে আসাদ গ্রুপের ক্যাডাররা বিএম কলেজ ক্যাম্পাসে অশ্বিনীকুমার ছাত্রাবাসে প্রতিপক্ষের খোঁজে হামলা চালিয়ে চারটি কক্ষ ভাঙচুর ও লুটপাট করে। এ সময় ব্যবস্থাপনা বিভাগের শেষ বর্ষ সম্মানের আবাসিক ছাত্র কামরুল হাসান শিশির (২৬) মারাত্মক আহত হয়। তাকে বরিশাল মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ গিয়ে দ্রুত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

অন্যদিকে ভর্তিতে অনিয়ম ও দুর্নীতির অভিযোগে একদল বিক্ষুব্ধ ছাত্র শুক্রবার দুপুরে বিএম কলেজ অধ্যক্ষের কক্ষে গিয়ে অধ্যক্ষকে গালিগালাজ ও লাঞ্ছিত করে। কলেজেরই মৃত্তিকা বিজ্ঞানের এক অধ্যাপকের পুত্র এ ঘটনায় নেতৃত্ব দেয় এবং তাদের দেওয়া তালিকা অনুযায়ী ছাত্র ভর্তির দাবি জানায় বলে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন।

AND STATISTICS
3. SYSTEM
SHEET — OF — SHEETS